
ডেট্রয়েট এর COVID-19

# ছোট ব্যবসায়ের প্লেবুক সারসংক্ষেপ

## কর্মচারীদের নিয়োগ-পূর্ব পরীক্ষা করানো

- সকল কর্মচারীকে কাজের প্রথম দিন থেকে পূর্ববর্তী 2 সপ্তাহের বেশী পুরনো নয় এমন একটি COVID-19 পরীক্ষার নেগেটিভ ফলাফলের প্রমাণ দেখাতে হবে।
- সিটি অব ডেট্রয়েট বিনামূল্যে COVID-19 পরীক্ষার ব্যবস্থা করতে পারে। কর্মচারীদেরকে 313-230-0505 নম্বরে CCCN কল সেন্টারে ফোন করতে হবে।
- COVID-19 পরীক্ষায় যেসব কর্মচারীর ফলাফল পজিটিভ আসবে তাদেরকে কাজে ফিরে আসার আগে কোন স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে সন্দেহমুক্ত হতে হবে।
- পরীক্ষার ফলাফল পজিটিভ হওয়ার পরে কমপক্ষে 10 দিন অতিবাহিত হওয়া উচিত এবং সংশ্লিষ্ট ব্যক্তি 72 ঘন্টা ধরে কোন ওষুধ ছাড়াই জ্বর, শ্বাসকষ্ট এবং/অথবা গলা ব্যথা থেকে মুক্ত থাকতে হবে।





## কর্মচারীদের দৈনিক স্বাস্থ্য পরীক্ষা

- কর্মচারীদের শিফট শুরু হওয়ার আগে তাদের শরীরের তাপমাত্রা মেপে এবং সংযুক্ত প্রশ্নমালায় উল্লিখিত প্রশ্নাবলীর উত্তর নিয়ে তাদের স্বাস্থ্যগত অবস্থা পর্যবেক্ষণ করতে হবে।
- যদি কোনো কর্মচারী স্ক্রিনিং-এ পাস না করেন, তবে সেই কর্মচারীকে কাজের এলাকায় প্রবেশের অনুমতি দেওয়া যাবে না।



## লক্ষণ প্রকাশ পেলে করণীয়

- যদি কোনো কর্মচারী অসুস্থ হয়ে পড়েন, তবে সেই কর্মচারীকে চিকিৎসা সংক্রান্ত মূল্যায়নের জন্য প্রেরণ করতে হবে।
- যদি কর্মচারীটি খুব অসুস্থ বোধ করেন, 911 নম্বরে যোগাযোগ করতে হবে।
- যদি কোনো কর্মচারীকে বাড়িতে পাঠানো নিরাপদ হয়ে থাকে তবে COVID-19 পরীক্ষায় নেগেটিভ ফলাফল না পাওয়া পর্যন্ত সেই কর্মচারী কাজে ফিরতে পারবেন না।



## অসুস্থতা নীতিমালা

COVID-19 সম্পর্কিত উপসর্গগুলি (যেমন জ্বর, কাশি, শ্বাসকষ্ট, ডায়রিয়া, গন্ধ বা স্বাদ হ্রাস পাওয়া) বিদ্যমান রয়েছে অথবা COVID পজিটিভ কোন ব্যক্তির সাথে দীর্ঘসময় কাটিয়েছেন এমন কেউ খরিদ্দার অথবা কর্মচারী হিসেবে ব্যবসা প্রতিষ্ঠানে প্রবেশ করার চেষ্টা করবেন না



## কঠোরভাবে শারীরিক দূরত্ব বজায় রাখা

- কর্মচারীগণকে অন্য ব্যক্তিদের থেকে ছয় ফুট দূরে থাকতে হবে।
- লিফটগুলিতে (এলিভেটর) যথাযথ সামাজিক-দূরত্ব বজায় রেখে লোকজনের দাঁড়ানোর জন্য স্থান চিহ্নিত করতে হবে।
- কর্মচারীগণ ব্যক্তিগতভাবে মিটিং বা সমাবেশ-এ যোগ দেওয়ার সংখ্যা কমিয়ে ফেলবেন এবং এর পরিবর্তে মিটিং এর জন্য জুম বা অন্যান্য ভিডিও কনফারেন্স-কল করার পদ্ধতি ব্যবহার করবেন।
- দলবদ্ধভাবে কাজ করার সময়, কোন একটি কাজে যথাসম্ভব কম কর্মচারীকে নিযুক্ত করতে হবে।






শারীরিক দূরত্বের নির্দেশনাগুলি অনুসরণে প্রয়োজনীয় সংশোধন এবং পরিবর্তনের জন্য ব্যবসায়ের মালিকদের তাদের কর্মক্ষেত্রগুলির মূল্যায়ন করতে হবে এবং যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:

- কর্মচারী এবং গ্রাহকদের মধ্যে দূরত্ব বজায় রাখা উৎসাহিত করতে মেঝেতে 6-ফুট দূরে-দূরে চিহ্ন তৈরি করুন।
- অফিসগুলিতে 6 ফুটের ব্যবধান নিশ্চিত করতে চেয়ার এবং ডেস্ক সরিয়ে ফেলুন
- একসাথে এক কক্ষে অবস্থান করতে পারে এমন লোকের সংখ্যা সীমিত করুন এবং কক্ষের আয়তনের ভিত্তিতে সেখানে একত্রে সর্বাধিক কতজন থাকতে পারবে সে মর্মে স্পষ্ট নির্দেশনা ফলক লাগাতে হবে।
- কর্মচারীদের মধ্যে 6-ফুট ব্যবধান রাখার জন্য আরো যথোপযুক্ত স্থান ব্যবহারের বিষয়টি বিবেচনা করুন।
- কমপক্ষে 60% অ্যালকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে এবং সেখানে অবস্থানরত সকলেই যেন সহজেই তা ব্যবহার করতে পারে।
- নিশ্চিত হয়ে নিন যে উপবিষ্ট গ্রাহক এবং দর্শনার্থীরা অন্যান্য লোকের চেয়ে 6 ফুটের বেশি দূরত্বে রয়েছেন।




## ভাল স্বাস্থ্যকর অভ্যাস উৎসাহিত করুন

কর্মক্ষেত্রের চারপাশে এমন ফলক লাগান যা নিম্নোক্ত কাজগুলি উৎসাহিত করবে:

- হ্যান্ডশেক পরিহার করুন এবং কনুই দিয়ে শুভেচ্ছা জানানো বিবেচনা করুন।
- 20 সেকেন্ড ধরে সাবান এবং পানি দিয়ে ঘন-ঘন হাত ধুয়ে নিন।
- হাঁচি বা কাশি দেওয়ার সময় আপনার মুখ ও নাক টিস্যু দিয়ে ঢেকে রাখুন এবং টিস্যুটি ফেলে দিন।
- গ্লাভস খোলার পরে বা কোনকিছুর পৃষ্ঠভাগে স্পর্শ করার পরে হাত ধুয়ে নিন বা স্যানিটাইজ করুন।
- আপনার মুখমণ্ডল স্পর্শ করা এড়িয়ে চলুন।

## কর্মচারীরা দৈনিক সার্জিক্যাল মাস্ক ব্যবহার করা



- ভাইরাসের বিস্তার রোধে কর্মচারীদেরকে কাজে রিপোর্ট করার সময় একটি সার্জিক্যাল মাস্ক পরতে হবে।
- কর্মচারীরা মাস্কগুলি পুনরায় ব্যবহার করতে পারবেন যদি মাস্কগুলি ময়লা বা ভেজা না থাকে অথবা COVID-19 পজিটিভ কোন কর্মচারীর সংস্পর্শে না এসে থাকে।
- অন্যান্য কর্মীদের সাথে যোগাযোগ করার সময় বা অন্য কোন ব্যক্তিকে সাথে নিয়ে গাড়ি চালানোর সময় কর্মচারীগণ মাস্ক এবং চোখের সুরক্ষা সরঞ্জাম পরিধান করতে হবে।

## জনসাধারণের মুখোমুখি হওয়া কর্মীদের দৈনিক N-95 মাস্ক ব্যবহার করা

জনসাধারণের সাথে মতবিনিময়কারী কর্মচারীদের N-95 মানের একটি মাস্ক পরতে হবে।
কর্মচারীরা মাস্কগুলি পুনরায় ব্যবহার করতে পারবেন যদি মাস্কগুলি ময়লা বা ভেজা না থাকে।

## জনগণ-কর্তৃক মাস্ক ব্যবহার

আপনার ব্যবসায়ের জায়গায় জনসাধারণের যে কেউ প্রবেশ করলে তাকে মাস্ক ব্যবহার করার জন্য কঠোরভাবে উৎসাহিত করুন যাতে কর্মচারী এবং জনসাধারণের অন্যান্য সদস্যদের মধ্যে সংক্রমণ ছড়িয়ে পড়তে না পারে।



## কিছু নির্দিষ্ট পরিবেশে গ্লাভসের ব্যবহার

- জনসাধারণের সাথে নিয়মিত মেশা কর্মচারীরা গ্লাভস ব্যবহার করার পদ্ধতি কিভাবে নির্ধারণ করতে পারে সেটি ব্যবসায়ের মালিকদের বিবেচনা করা উচিত।
- ব্যবসায়ের মালিকদের এটাও নিশ্চিত করা উচিত যে তাদের প্রবর্তিত পদ্ধতিতে গ্লাভস খোলার পর হাত ধোয়া অথবা স্যানিটাইজ করার বিষয়টি অন্তর্ভুক্ত আছে।



## নির্বাচিত পরিবেশে চোখের সুরক্ষা সরঞ্জাম ব্যবহার

কাজের অংশ হিসাবে যেসব কর্মচারীদের অনিবার্যভাবে  অন্যদেরথেকে ছয় ফুটের মধ্যে আসতে হবে, তাদের চোখের সুরক্ষা সরঞ্জাম পরা উচিত।




## স্যানিটেশন এবং জীবাণু মুক্ত করা

- যেসব স্থানে অধিক স্পর্শ করা হয় বা যাতায়াত করা হয় - যেমন দরজার নব, রেলিং, ঘন-ঘন ব্যবহৃত ড্রয়ারের হাতল, এবং বিভিন্ন সরঞ্জাম/যন্ত্রপাতি চালানোর জন্য ব্যবহৃত উপকরণ - প্রভৃতি কমপক্ষে প্রতি দুই ঘন্টা পরপর স্যানিটাইজ করার নিয়ম চালু করার বিষয়টি নিশ্চিত করুন।
- পরিচ্ছন্নতা কর্মীদের জন্য একটি করণীয় তালিকা বাস্তবায়ন করুন।
- নিদেনপক্ষে, সচরাচর ব্যবহার করা হয় এমন জিনিসের উপরিভাগ প্রতি দুই ঘন্টা পরপর জীবাণুনাশক মোছার কাপড় দিয়ে মুছে ফেলতে হবে।
- যানবাহনে কর্মরত কর্মচারীদের প্রতিটি শিফটের আগে ও পরে সচরাচর ব্যবহৃত অংশের উপরিভাগ (স্টিয়ারিং হুইল, গিয়ার শিফটার) জীবাণুনাশক কাপড় দিয়ে মুছতে হবে।